রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/ ০৪ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ০২-আইন/২০১৮।**—বিশেষ জজ আদালত নং-৯, ঢাকা-এ বিচারাধীন বিশেষ মামলা নং- ১৬/০৮ যাহা তেজগাঁও থানার মামলা নং-২০(১২)০৭, Penal Code 1860 (Act No. XLV of 1860) এর ধারা-১০৯ এবং Prevention of Corruption Act, 1947 (Act No. II of 1947) এর ধারা ৫(২) এর বিচার কার্যক্রম ঢাকাস্থ মহানগর দায়রা জজ আদালত ভবনে পরিচালিত হইতেছে। উক্ত ভবনে বহু সংখ্যক আদালতের বিচার কার্যক্রম পরিচালিত হওয়ায় উক্ত ভবন এবং এলাকাটি আদালত চলাকালীন সময়ে জনাকীর্ণ থাকে বিধায় নিরাপত্তা জনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত নং-৯, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-১৬/০৮ যাহা তেজগাঁও থানার মামলা নং-২০(১২)০৭ এর বিচার কার্যক্রম পরিচালনা করিবার জন্য ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত ভবনটিকে (যাহা বিডিআর হত্যাকাণ্ড মামলার অস্থায়ী আদালত ছিল) অস্থায়ী আদালত হিসেবে ঘোষণা করিল এবং এতদ্দ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত নং-৯, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-১৬/০৮ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত উক্ত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ কুমার সাহা**
যুগ্মসচিব(প্রশাসন-১)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০